
দৈনিক বাংলা

তারিখ ... 7/5/82 ...
পৃষ্ঠা ... কলাম ...

174



ঢাকার একটি কেন্দ্রে এইচএসসি পরীক্ষা —দৈনিক বাংলা

# এইচএসসি পরীক্ষা শুরুঃ প্রথম দিনে ২০১ জন বহিষ্কৃত

(স্টাফ রিপোর্টার)

বৃহস্পতিবার দেশের চারটি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। প্রথম দিন বাংলা প্রথম পত্র পরীক্ষায় চারটি বোর্ডের বিভিন্ন কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ২০১ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গেছে।

সবচেয়ে বেশিসংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছেন কুমিল্লা ও টাঙ্গাইলে। কুমিল্লায় মোট ৭৩ জন ও টাঙ্গাইলে ৫৭ জন বহিষ্কৃত হন।

গতকাল ঢাকা বোর্ডের মোট ৬৪টি পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ঢাকা মহানগরীর শহীদ সোহরাওয়ার্দী কলেজ থেকে ৪ জন, আবুজর গিফারী কলেজ থেকে ১ জন, শেখ বোরহানুদ্দিন কলেজ থেকে ২ জন, ঢাকা সিটি কলেজ থেকে ৩ জন, বেগম বদরুন্নেসা কলেজ থেকে ১ জন, তিতুমীর কলেজ থেকে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এছাড়াও অসদুপায় অবলম্বনের জন্যে টঙ্গী কলেজ কেন্দ্র থেকে ৫ জন এবং নারায়ণগঞ্জ তোলারাম কলেজ থেকে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক গাজী আবদুস সালামের নেতৃত্বে একটি উচ্চক্ষমতা সম্পন্ন পরিদর্শন টীম মহানগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে।

ঢাকার ডিসি জনাব আবুল হাসনাত মোফাজ্জল করিম ও বোর্ডের চেয়ারম্যান জনাব এম এম মোশাররফ হোসেন ও মহানগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। দুর্নীতিমুক্ত ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্যে ঢাকার এডিসিকে (শিক্ষা) আহবায়ক করে আরো একটি ভিজিল্যান্স টীম গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

বাসস জানায়, টাঙ্গাইল জেলার ১১টি কেন্দ্র থেকে নয়জন মহিলাসহ মোট ৫৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লা থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লার ১১টি কেন্দ্র থেকে মোট ৭৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা

(১-এর পৃঃ পর)

হয়।

শুধু চান্দিনা কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে ৩০ জন পরীক্ষার্থীকে।

দৈনিক বাংলার মানিকগঞ্জ সংবাদদাতা জানান, অসদুপায় অবলম্বনের দায়ে ঘিওর পরীক্ষা কেন্দ্র থেকে ছয়জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এদের মধ্যে দুজন মহিলা।

নেত্রকোনা থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন: নকল করার দায়ে চারজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নেত্রকোনার এক হাজার ২৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭ জন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে অনুপস্থিত ছিলেন।

খুলনা থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, খুলনার একটি কেন্দ্র থেকে তিনজন এইচএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

দৈনিক বাংলার চুয়াডাঙ্গা সংবাদদাতা জানান, মহকুমার তিনটি কেন্দ্র থেকে মোট ২২ জন পরীক্ষার্থীকে নকল করার জন্যে বহিষ্কার করা হয়।

বগুড়া থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, জেলার মোট ১২টি কেন্দ্রের তিনটি কেন্দ্র থেকে ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

সোনাতলা কেন্দ্র থেকে চারজন, সুখানপুকুর কেন্দ্রের চারজন এবং সরকারী আজিজুল হক কেন্দ্রের ২জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

যশোর সংবাদদাতা জানিয়েছেন, সরকারী মাইকেল মধুসূদন কলেজের একজন ও কোটচাঁদপুর পরীক্ষা কেন্দ্রের ছয়জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্যে বহিষ্কার করা হয়েছে।